**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৮৪/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ২০ মার্চ ২০১৮, ৬ চৈত্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নতুন ও ভবিষ্যৎ প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় গড়ে তুলতে হবে : রাষ্ট্রপতি

২। মন্ত্রিসভায় জাতীয় প্রতিরক্ষা নীতিমালা অনুমোদন

৩। নেপালে বিমান দুর্ঘটনায় ও চিত্রশিল্পী প্রিয়ভাষিনীর মৃত্যুতে মন্ত্রিসভায় শোকপ্রস্তাব গ্রহণ

৪। শেখ হাসিনা বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় মন্ত্রিসভার অভিনন্দন

৫। জাতির পিতার পদাঙ্ক অনুসরণ করে বাংলাদেশ উন্নয়নশীল দেশের তালিকায় : প্রধানমন্ত্রী

৬। নেপালে বিমান দুর্ঘটনায় নিহত ২৩ জনের লাশ পরিবারের কাছে হস্তান্তর

৭। কারা সপ্তাহ শুরু হচ্ছে আজ

৮। দেশে দশ হাজার মেগাওয়াটের রেকর্ড বিদ্যুৎ উৎপাদন

৯। উন্নয়নশীল দেশে উত্তরণের প্রাথমিক যোগ্যতা অর্জনে সপ্তাহব্যাপী উৎসবের কর্মসূচি

১০। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বেই ভারতের সঙ্গে সব সমস্যার সমাধান সম্ভব : স্বাস্থ্যমন্ত্রী

১১। 'লক্ষ্য নিউজ প্রেজেন্টেশন একাডেমি'র ডিজিটালাইজড কার্যক্রম উদ্বোধন করলেন তথ্যমন্ত্রী

**১। নতুন ও ভবিষ্যৎ প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় গড়ে তুলতে হবে : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, আমাদের নতুন ও ভবিষ্যৎ প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় গড়ে তুলতে হবে। এটা আমাদের দায়িত্ব ও কর্তব্য। বিগত দিনে মুক্তিযুদ্ধবিরোধী শক্তি আমাদের মুক্তিসংগ্রাম ও মুক্তিযুদ্ধ নিয়ে অনেক মিথ্যাচার করেছে। মুক্তিযুদ্ধ পরবর্তী প্রজন্মকে মুক্তি সংগ্রাম ও মুক্তিযুদ্ধের বিকৃত ইতিহাস শিক্ষা দেওয়ার অপচেষ্টা হয়েছে। মুক্তিযুদ্ধবিরোধী শক্তি এখনো একাত্তরে তাদের পরাজয়ের গ্লানি ভুলতে পারেনি। তাই এসব অপশক্তি সুযোগ পেলেই মাথাচাড়া দিয়ে উঠতে চায়। এরা দেশের স্বাধীনতা, গণতন্ত্র ও উন্নয়নের শত্রু। তাই দেশ ও জাতির স্বার্থে তাদের যেকোনো ষড়যন্ত্র ও অপচেষ্টাকে রুখে দাঁড়াতে হবে। আর এ জন্য মুক্তিযুদ্ধের চেতনাকে সবার মাঝে ছড়িয়ে দিতে হবে এবং গণতান্ত্রিক চিন্তা-চেতনার বিকাশ ঘটাতে হবে। রাষ্ট্রপতি গতকাল (১৯ মার্চ সোমবার) গাজীপুর শহরের শহিদ বরকত স্টেডিয়ামে ১৯ মার্চ প্রথম সশস্ত্র প্রতিরোধের ৪৭তম বার্ষিকী উপলক্ষে আয়োজিত বীর ও শহিদদের নাগরিক গণসংবর্ধনা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ. ৫, ক.৪)

**২। মন্ত্রিসভায় জাতীয় প্রতিরক্ষা নীতিমালা অনুমোদন**

সংকটে বা যুদ্ধকালীন সময়ে সামরিক বাহিনীর কর্তৃত্বে আধা সামরিক ও সহায়ক বাহিনী পরিচালনার বিধান রেখে 'জাতীয় প্রতিরক্ষা নীতিমালা-২০১৮'র খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (১৯ মার্চ সোমবার) তেজগাঁওস্থ প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ নীতিমালা অনুযায়ী ক্রাইসিস বা যুদ্ধকালীন আধা সামরিক ও সহায়ক বাহিনী সামরিক বাহিনীর অপারেশনাল কমান্ডে থাকবে। যেমন বিজিবি, কোস্টগার্ড, বিএনসিসি, পুলিশ বাহিনী, আনসার, গ্রাম প্রতিরক্ষা বাহিনীসহ অন্যান্য প্রতিরক্ষা দল ক্রান্তিকালীন সেনাবাহিনীর সঙ্গে কাজ করবে। বৈঠকে ভেজাল সার বিক্রিতে সাজার মেয়াদ বাড়িয়ে 'সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন ২০১৮'র খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। ভেজাল সার বিক্রিতে ৬ মাসের সশ্রম কারাদণ্ড বা অনধিক ৩০ হাজার টাকা জরিমানা বা উভয় দণ্ড ছিল। সেখানে ২ বছরের সশ্রম কারাদণ্ড বা অনধিক ৫ লাখ টাকা জরিমানা বা উভয় দণ্ড প্রস্তাব করা হয়েছে। এছাড়া মন্ত্রিসভায় 'বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮'এর খসড়া এবং 'বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৮'র খসড়া চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। পায়রা বন্দরের রাবনাবাদ চ্যানেলের ক্যাপিটাল ও মেইনটেন্যান্স ড্রেজিংয়ের বিষয়টি জাতীয় অগ্রাধিকার প্রকল্প (এনপিপি) হিসেবে ঘোষণার প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১, ক.৭)

**৩। নেপালে বিমান দুর্ঘটনায় ও চিত্রশিল্পী প্রিয়ভাষিনীর মৃত্যুতে মন্ত্রিসভায় শোকপ্রস্তাব গ্রহণ**

মন্ত্রিসভায় বিশিষ্ট চিত্রশিল্পী ফেরদৌসি প্রিয়ভাষিনীর মৃত্যুতে এবং কাঠমান্ডুতে সাম্প্রতিক মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের স্মরণে দু'টি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়েছে। কাঠমান্ডুতে সাম্প্রতিক বিমান দুর্ঘটনায় ২৬ জন বাংলাদেশিসহ মোট ৫১ জনের প্রাণহানিতে মন্ত্রিসভা গভীর শোক প্রকাশ করে একটি শোকপ্রস্তাব গ্রহণ করেছে। এছাড়া মন্ত্রিসভা বিশিষ্ট চিত্রশিল্পী ফেরদৌসি প্রিয়ভাষিনীর মৃত্যুতেও একটি শোকপ্রস্তাব গ্রহণ করে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)

**৪। শেখ হাসিনা বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় মন্ত্রিসভার অভিনন্দন**

বিশ্বের দ্বিতীয় সেরা প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। সিঙ্গাপুরভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান 'দ্য স্ট্যাটিস্টিকস ইন্টারন্যাশনাল' এর জরিপে তিনি বিশ্বের দ্বিতীয় সেরা

প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন। এছাড়া ২০১৮ সালের জন্য বাংলাদেশ 'রিজিওনাল কনসালটেটিভ গ্রুপ'র চেয়ারম্যান নির্বাচিত হয়েছে। গতকাল (১৯ মার্চ সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকের শুরুতেই প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এ দু'টি ইস্যুতে অভিনন্দন জানানো হয়। সূত্র : **ইনকিলাব** (পৃ.১, ক.৫)



**৫। জাতির পিতার পদাঙ্ক অনুসরণ করে বাংলাদেশ উন্নয়নশীল দেশের তালিকায় : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মাত্র সাড়ে তিন বছরে বিশ্বের দরবার থেকে বাংলাদেশের জন্য স্বল্পোন্নত দেশের স্বীকৃতি আদায় করেছিলেন। জাতির পিতার পদাঙ্ক অনুসরণ করে বর্তমান সরকার বাংলাদেশকে উন্নয়নশীল দেশের তালিকায় উন্নীত করেছে। জাতির পিতার দেখানো পথে বাংলাদেশ সামনের দিকে এগিয়ে যাচ্ছে। গতকাল (১৯ মার্চ সোমবার) শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার মূল মিলনায়তনে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিল্পী শাহাবুদ্দিন আহমেদের 'শান্তি' শীর্ষক মাসব্যাপী প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ. ১, ক.৭)

**৬। নেপালে বিমান দুর্ঘটনায় নিহত ২৩ জনের লাশ পরিবারের কাছে হস্তান্তর**

নেপালের ত্রিভুবন বিমানবন্দরে ইউএস-বাংলা এয়ারলাইন্সের উড়োজাহাজ বিধ্বস্তে নিহত ২৩ জনের লাশ শোকার্ত স্বজনরা বুঝে নিয়েছেন। গতকাল (১৯ মার্চ সোমবার) রাজধানীর আর্মি স্টেডিয়ামে পুলিশ নিহতদের লাশ তাঁদের পরিবারের কাছে হস্তান্তর করেন। দেশে আনা এ ২৩ টি লাশের দ্বিতীয় দফা জানাজার পর রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এর পক্ষ থেকে তাঁর সামরিক সচিব মেজর জেনারেল সরোয়ার হোসেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র পক্ষ থেকে সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এবং স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী নিহত ব্যক্তিদের প্রতি ফুল দিয়ে শ্রদ্ধা জানান। এ সময় সেনাবাহিনীর প্রধান ও বিমানবাহিনীর প্রধান সেখানে উপস্থিত ছিলেন। এর আগে সকালে কাঠমান্ডুতে বাংলাদেশ দূতাবাসে প্রথম জানাজা অনুষ্ঠিত হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.২)

**৭। কারা সপ্তাহ শুরু হচ্ছে আজ**

কারা সপ্তাহ-২০১৮ শুরু হচ্ছে আজ (২০ মার্চ মঙ্গলবার)। 'সংশোধন ও প্রশিক্ষণ, বন্দির হবে পুনর্বাসন' প্রতিপাদ্য নিয়ে দেশের ৬৮টি কারাগারে কারা সপ্তাহ চলবে আগামী ২৬ মার্চ পর্যন্ত। আজ সকালে কাশিমপুর কারা কমপ্লেক্সে কারা সপ্তাহের উদ্বোধন করবেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। কারা সপ্তাহ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **নিউ এজ** (পৃ.৪,ক.২),**নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**৮। দেশে দশ হাজার মেগাওয়াটের রেকর্ড বিদ্যুৎ উৎপাদন**

প্রথমবারের মতো দেশের বিদ্যুৎ উৎপাদন ১০ হাজার মেগাওয়াট ছাড়িয়ে গেছে। গতকাল (১৯ মার্চ সোমবার) সাড়ে ৭টায় বিদ্যুতের উৎপাদন ১০ হাজার ৮৪ মেগাওয়াট হয়েছে। এটা দেশের ইতিহাসে সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন। এর আগে সর্বোচ্চ উৎপাদন ছিল গত ১৮ মার্চ রোববার সন্ধ্যায়। সেদিন নয় হাজার ৯৩৯ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন নথিভুক্ত হয়। গত বছরের সর্বোচ্চ উৎপাদন ছিল নয় হাজার ৫৭ মেগাওয়াট। সূত্র : **সমকাল** (শেষ পৃ., ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**৯। উন্নয়নশীল দেশে উত্তরণের প্রাথমিক যোগ্যতা অর্জনে সপ্তাহব্যাপী উৎসবের কর্মসূচি**

বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের যোগ্যতা অর্জন করায় আজ (২০ মার্চ মঙ্গলবার) থেকে সপ্তাহব্যাপী উৎসব করবে সরকার। এরই অংশ হিসেবে দেশ গঠনে অসামান্য অবদানের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে সংবর্ধনা প্রদান করা হবে আগামী ২২ মার্চ। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের তত্ত্বাবধানে এদিন সকাল ১০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এলডিসি স্ট্যাটাস থেকে প্রাথমিক পর্যায়ে উত্তরণ আনুষ্ঠানিকভাবে উদ্‌যাপিত হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে প্রধান অতিথি থাকবেন। প্রধানমন্ত্রীর হাতে

জাতিসংঘের স্বীকৃতিপত্রটি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হবে। এতে জাতিসংঘের উচ্চপর্যায়ের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৪)

১০। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বেই ভারতের সঙ্গে সব সমস্যার সমাধান সম্ভব : স্বাস্থ্যমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বেই ভারতের সঙ্গে বিরাজমান সব সমস্যার সমাধান সম্ভব বলে মনে করেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল (১৯ মার্চ সোমবার) রাজধানীর জাতীয় জাদুঘর মিলনায়তনে ভারতের বৃত্তিপ্রাপ্তদের পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী আরও বলেন, ভারতের সঙ্গে আলোচনার

=৪=

মাধ্যমে গঙ্গার পানির ন্যায্য হিস্যা আদায় হয়েছে। ভারতকে অকৃত্রিম বন্ধু আখ্যায়িত করে তিনি বলেন, বাংলাদেশের মুক্তিযুদ্ধ থেকে শুরু করে যেকোনো দুর্যোগকালে ভারত পাশে থেকেছে। অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার হর্ষবর্ধন শ্রিংলা বলেন, ভারত সবসময় বাংলাদেশের জনগণের পাশে থাকবে। ভারত যা কিছুই করুক, দু'দেশের স্বার্থ ও সম্মান রক্ষা করেই করবে। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **নিউ এজ** (পৃ.৩,ক.৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.৮)।

১১। **'লক্ষ্য নিউজ প্রেজেন্টেশন একাডেমি'র ডিজিটালাইজড কার্যক্রম উদ্বোধন করলেন তথ্যমন্ত্রী**

সংবাদ উপস্থাপনায় দেশের প্রথম চর্চা কেন্দ্র 'লক্ষ্য নিউজ প্রেজেন্টেশন একাডেমি'র ডিজিটালাইজড কার্যক্রমের উদ্বোধন করলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। গতকাল (১৯ মার্চ সোমবার) ধারণকৃত এক ভিডিও বার্তার মাধ্যমে তিনি এর উদ্বোধন করেন। এ সময় তিনি বলেন, প্রশিক্ষিত গণমাধ্যমকর্মী তৈরি, উপস্থাপনায় বহুমাত্রিকতা ও নাগরিক সাংবাদিকতার গুরুত্ব তুলে ধরতে 'লক্ষ্য'র নতুন এ প্রয়াস সম্প্রচারমাধ্যম ও নাগরিক সাংবাদিকতার জন্য মাইলফলক হয়ে থাকবে। সূত্র: **জনকণ্ঠ**(পৃ.২,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭), **অবজারভার** (পৃ.১, ক.১)।

**=৪=**

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** দেশে বছরে প্রায় সাড়ে ১১ হাজার এবং দিনে গড়ে ২৯ জনের বেশি মানুষের আত্মহত্যার ঘটনা ঘটার পরিপ্রেক্ষিতে আত্মহত্যা প্রতিরোধে একটি কার্যকর অংশগ্রহণমূলক ও দীর্ঘমেয়াদি কার্যক্রম গ্রহণ করার আহ্বান।

খ. **সংবাদ :** যশোর শহরের ৩টি স্থানে পুলিশের বিরুদ্ধে জমি দখলের অভিযোগ পাওয়ায় ঘটনার তদন্ত করে বিচারের ব্যবস্থা করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** বাণিজ্যিকভাবে ভেড়া পালনের সার্বিক সুযোগ কাজে লাগিয়ে ভেড়ার খামার গড়ে তুলে কর্মসংস্থানের ব্যবস্থা করতে আরও প্রচার ও বিনিয়োগের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো :** নিষেধাজ্ঞা উপেক্ষা করে বড় নদীতে বেপরোয়া গতিতে স্পিডবোট ও ছোট ট্রলার চলায় যেকোনো সময় মারাত্মক দুর্ঘটনা ঘটার আশঙ্কা করে ঝুঁকি এড়াতে নদীপথে শৃঙ্খলা আনার সুপারিশ।

ঙ. **সমকাল :** রেলওয়ের লোকসানের কারণগুলো চিহ্নিত করে প্রতিকার নিশ্চিত করার পাশাপাশি এ গণপরিবহণকে যাত্রীবান্ধব করতে অনিয়ম ও অব্যবস্থাপনা দূর করার প্রত্যাশা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** বেসরকারি মেডিকেল কলেজে শিক্ষার মানোন্নয়নে একটি নির্দিষ্ট মানদন্ড অনুসরণের বিষয়ে প্রধানমন্ত্রীর অভিমত তুলে ধরে চিকিৎসাসেবার মান বাড়লে বিদেশ না গিয়ে দেশেই রোগীদের সেবা নেওয়ার আগ্রহ বাড়বে বলে প্রত্যাশা।

ছ. **ডেইলি সান :** দেশে বর্তমানে বেসরকারি ২০টি বৃহৎ ব্যবসায়ী গ্রুপ নিজেরাই বিপুল বিনিয়োগে সক্ষম হওয়ায় বেসরকারি খাতের প্রবৃদ্ধিতে সরকারকে আরও সহযোগিতার হাত বাড়ানোর আহ্বান।

জ. **এশিয়ান এজ :** বিগত ২০১৬ সালে ৩২১টি কর্মক্ষেত্রে দুর্ঘটনায় ৪২৬ কর্মী নিহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে ঢাকা, চট্টগ্রাম, গাজীপুর, সিলেট ও নারায়ণগঞ্জের কারখানাগুলোতে কর্মীদের জন্য নিরাপদ কর্মপরিবেশ গড়ে তোলার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে সকলের সম্মিলিত প্রচেষ্টা ও অংশগ্রহণে এলডিসি থেকে উত্তরণ পরবর্তী অভিঘাত সফলভাবে মোকাবিলা করে ২০৪১ সালের মধ্যে এদেশ একটি উন্নত দেশে পরিণত হওয়ার দৃঢ় আশাবাদ ব্যক্ত করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'নীরব ঘাতক সরব উপস্থিতি'** শিরোনামের নিবন্ধে রাজধানীসহ সব শহরই নীরব ঘাতক শব্দ দূষণের কবলে থাকায় সবাই দায়িত্বশীল হলে শব্দ দূষণ প্রতিরোধ করা সম্ভব বলে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/২০১৮/৯.০০